

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়  
আল হাকিম টাওয়ার, পাহাড়তলী রোড, কক্সবাজার।  
<https://sports.coxsbazar.gov.bd>


স্মারক নং- ৩৪.০২.২২০০.০১৯.১৮.০৫০.২৪- ২৩০৬)

তারিখ: ২৮ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ  
১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় অনুমোদিত ক্রীড়া পরিদপ্তর প্রণীত বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ অর্থবছরের আওতায় অদ্য ১২ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার 'বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি স্কুল এন্ড কলেজ' মাঠে কাবাডি ও দাবা প্রতিযোগিতা আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এবং উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি স্কুল এন্ড কলেজের মহাপরিচালক জনাব এম, এম সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জনাব মাদন উদ্দিন মিলকি জেলা ক্রীড়া অফিসার, কক্সবাজার। তিনি স্বাগত বক্তব্যের শুরুতেই প্রতিযোগী ও সংশ্লিষ্ট ক্রীড়া শিক্ষক এবং সকলের প্রতি অনুরোধ রাখেন খেলাধুলায় জয়-পরাজয় আছে, তা মেনে নেওয়ার জন্য আমাদের মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। তাছাড়া ক্রীড়ার মান উন্নয়নের জন্য সকলের প্রতি সার্বিক সহযোগিতার আশা ব্যক্ত করেন। বক্তব্যের শেষ প্রান্তে জেলা ক্রীড়া অফিস, কক্সবাজারের পক্ষ হতে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। উক্ত কাবাডি প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন উত্তরণ মডেল স্কুল এবং রানার আপ হয়েছেন পৌর প্রিপেরেটরী উচ্চ বিদ্যালয়, অন্য দিকে দাবা(ছেলে) প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন উত্তরণ মডেল স্কুল এবং রানার আপ হয়েছেন পৌর প্রিপেরেটরী উচ্চ বিদ্যালয়, দাবা(মেয়ে) প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমী এবং রানার আপ হয়েছেন পৌর প্রিপেরেটরী উচ্চ বিদ্যালয়। প্রতিযোগিতার শেষে প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি এবং উদ্বোধক ক্রীড়ার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে বিশদ আলোচনা ও বিভিন্ন নির্দেশনা প্রদান করেন। উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠানে বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ ছৈয়দ করিম সভাপতিত্ব করেন এবং সভাপতির বক্তব্যকালে বলেন কাবাডি ও দাবা প্রতিযোগিতাটি আমাদের প্রতিষ্ঠানে আয়োজন করার জন্য জেলা ক্রীড়া অফিস, কক্সবাজারকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

২। প্রেস বিজ্ঞপ্তিটি অন্ত্র অফিসের ওয়েব পোর্টালে <https://sports.coxsbazar.gov.bd> এ আপলোড করা হয়েছে।



(মাদন উদ্দিন মিলকি)

জেলা ক্রীড়া অফিসার

কক্সবাজার

ফোন: ০১৮৪২০৫২৩৪১

Email: [dsocoxbazar@gmail.com](mailto:dsocoxbazar@gmail.com)

সভাপতি

কক্সবাজার প্রেস ক্লাব

কক্সবাজার।

স্মারক নং- ৩৪.০২.২২০০.০১৯.১৮.০৫০.২৪-

সদয় অবগতি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

২। অফিস কপি।

তারিখ: ২৮ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ  
১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ